



HEMAT GRYFFE

Womens Aid

হেম্যাট গ্রাইফ উইমেন্স এইড (Hemat Gryffe Women's Aid) প্রধানত পারিবারিক নির্যাতন (ডমেস্টিক ভায়োলেন্স) এর ভুক্তভোগী কালো এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলা, বাচ্চা এবং অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়েদের জন্য নিরাপদে থাকার অস্থায়ী বাসস্থান প্রদান করে।

হেম্যাট গ্রাইফ উইমেন্স এইড বিশেষ বিশেষ ব্যাপারে সেবা প্রদান করার ক্ষেত্রে পারদর্শী একটি সংস্থা। এটি পারিবারিক নির্যাতন, জোরপূর্বক বিবাহ, গৃহায়ন (হাউজিং), রাষ্ট্রীয় বেনিফিট অধিকার, হোমলেসনেস (গৃহহীনতা), ইমিগ্রেশন এবং আইনগত বিষয়ের মতো নানা ধরনের বিষয়ে তথ্য ও সহায়তা প্রদান করে। আমরা সংস্কৃতি ও ধর্মের প্রতি সংবেদনশীল কাউন্সেলিং (ব্যক্তিগত সমস্যার ব্যাপারে পরামর্শ) প্রদান করি।

যদি আপনি পারিবারিক নির্যাতনের বা নির্যাতনমূলক পারিবারিক পরিস্থিতির শিকার হতে থাকেন তাহলে প্রথম অবস্থায় আমাদের ড্রপ ইন সেন্টারের সংগে যোগাযোগ করবেন। ড্রপ ইন সেন্টারের যোগাযোগের বিবরণ হলো:

0/1 24 Willowbank Street
Glasgow
G3 6LZ

টেলি : 0141 353 0859

ফ্যাক্স: 0141 564 1316

ইমেইল: hemat.gryffe@ntlbusiness.com

তাছাড়া আমাদের www.hematgryffe.org.uk ওয়েবসাইটে গিয়ে নিম্নলিখিত ভাষাগুলোতেও আরো তথ্য জেনে নিতে পারবেন:

- হিন্দি
- উর্দু
- পাঞ্জাবী
- বাংলা
- ক্যান্টোনিজ

আমাদের সাথে সম্পূর্ণ গোপনতা রক্ষা করে কথা বলতে পারবেন

আমরা 24 ঘন্টাব্যাপী ইমার্জেন্সি সার্ভিস প্রদান করি

রেজিস্টার্ড চারিটি নং: SCO 12849

দাতব্য প্রতিষ্ঠান হিসাবে স্কটল্যান্ডের ইংল্যান্ড রেভিনিউর দ্বারা স্বীকৃত

BENGALI



পারিবারিক নির্যাতনের ভুক্তভোগী বাচ্চা এবং
অপ্রাপ্ত বয়স্ক ছেলেমেয়েদের জন্য আউটরিচ
সার্ভিস (মাঠ পর্যায়ে সেবা)

হেম্যাট গ্রাইফ উইমেন্স এইড প্রধানত পারিবারিক নির্যাতনের ভুক্তভোগী কালো ও সংখ্যালঘু সম্প্রদায়ের বাচ্চা ও অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়েদেরকে সার্ভিস (সেবা) প্রদান করে, যারা আমাদের অস্থায়ী বাসস্থান সেবা ব্যবস্থা ও তৎপরবর্তি সাহায্য ব্যবস্থা ব্যবহার করছেন না। এর মধ্যে রয়েছে:

- সংস্কৃতি ও ধর্মের প্রতি সংবেদনশীল সার্ভিস
- ব্যবহারিক কাজে ও মানসিক অবস্থা উন্নতকরণে সাহায্য
- কি ওয়ার্কার (সহায়তাকারী মূল কর্মী) ব্যবস্থা
- একসাথে একাধিক লোকের সাথে কাজ এবং পরামর্শ
- সমষ্টিগত ভাবে সাহায্য ও পরামর্শ

সবকিছু গোপন রেখে আমাদের কারোর সাথে কথা
বলতে পারবেন।

টেলি: 0141 353 0859

মোবাইল: 07879 898261

ইমেইল: children@hematgryffe.org.uk

ওয়েবসাইট: www.hematgryffe.org.uk

